যুগান্তর

তারিখ ... 7 MAR 2003

# চট্টগ্রাম বোর্ডে এবার কোন পরীক্ষার্থী নিজ কেন্দ্রে পরীক্ষা দিতে পারবে না

চট্টগ্রাম ব্যুরো

চট্টগ্রাম শিক্ষাবোর্ড এবারের এসএসসি পরীক্ষায় মফস্বলেও পরীক্ষার্থীদের কেন্দ্র পরিবর্তনের সিদ্ধান্ত নিয়েছে। নকল এবং জালিয়াতি রোধকল্পে এই সিদ্ধান্ত নেয়া হয়েছে। সিদ্ধান্ত অনুযায়ী কোন পরীক্ষার্থী এবার তার নিজ স্কুল কেন্দ্রে পরীক্ষা দিতে পারবে না। অবশ্য, চট্টগ্রাম মহানগরীতে দু'বছর আগে থেকে এ নিয়ম চালু করা হয়।

এদিকে চট্টগ্রাম শিক্ষাবোর্ডে এবার এসএসসি পরীক্ষার্থীর সংখ্যা আশংকাজনকভাবে কমে গেছে। ২০০২ সালে যেখানে পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৮২ হাজার ৯১৩ জন, সেখানে এবার পরীক্ষার্থীর সংখ্যা ৬৯ হাজার ১৬১ জন। পরীক্ষার্থীর সংখ্যা কমেছে ১৩ হাজার ৭৫২ জন। বোর্ড সূত্র বলেছে, নির্বাচনী পরীক্ষায় কড়াকড়ি আরোপ এবং ফেল করা ছাত্রছাত্রীদের যাতে ফরম ফিলাপের সুযোগ দেয়া না হয় বোর্ডের এমন কঠোর নির্দেশের কারণে এমনটি হয়েছে।

বোর্ড চেয়ারম্যান প্রফেসর এ কে এম শহীদুল্লাহ পরীক্ষার্থীর সংখ্যা কমে যাওয়ার কথা স্বীকার করে বলেছেন, এবার পরীক্ষার্থীর সংখ্যা দেড় লাখ হওয়ার কথা ছিল। তবে পরীক্ষার্থীর সংখ্যা কমলেও এবার পাসের হার অন্যান্যবারের তুলনায় ভাল হবে বলে বোর্ড চেয়ারম্যান আশাবাদ ব্যক্ত করেছেন।

নকল রোধ এবং সুষ্ঠুভাবে পরীক্ষা সম্পন্ন করার লক্ষ্যে চট্টগ্রাম শিক্ষাবোর্ড এবার ব্যাপক প্রস্তুতি গ্রহণ করেছে। প্রস্তুতির অংশ হিসেবে ইতিমধ্যে ২৫টি বিশেষ টিম ও ১০০টি পর্যবেক্ষণ টিম গঠন করা হয়েছে। এছাড়া চট্টগ্রাম বোর্ডের অধীন পাঁচটি জেলা যথাক্রমে চট্টগ্রাম, কক্সবাজার, খাগড়াছড়ি, বান্দরবান ও রাঙ্গামাটিতে শিক্ষাবোর্ড ও জেলা প্রশাসন শিক্ষক ছাত্রদের নিয়ে উদ্বুদ্ধকরণ সভার আয়োজন করছে।